# 130880 - রোগজনিত কারণে সিয়ামের কাফফারা আদায়ে ধারাবাহিকতা ভঙ্গ হলে ক্ষতি নেই

প্রশ্ন

প্রশ্ন : আমি রমজানের দিনের বেলায় সহবাসে লিপ্ত হওয়ায় কাফফারার রোযা আদায় শুরু করেছিলাম। রোযা পালনের ৫৭তম দিন সম্পন্ন করার পর অত্যন্ত অসুস্থ হয়ে পড়ি যে আমি আর রোযা পালন করতে পারছিলাম না। তাই পরপর দুইদিন রোযা না রেখে পরের দিন থেকে রোযা পালন শুরু করি এবং ৬০ দিন পূরণ করি। এতে কি আমার কাফফারা আদায় হয়ে যাবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসাআল্লাহ তাআলারজন্য।

আপনি যা করেছেন তা ঠিকই করেছেন;আল্হামদুলিল্লাহ। রোগজনিত কারণে কাফ্ফারার ধারাবাহিকতা ভঙ্গ হলে ক্ষতি নেই। কারণ রোগ হলোশরিয়ত অনুমোদিত ওজর। তাই রোগের কারণে ধারাবাহিকতা ভঙ্গ হওয়াতে কোন সমস্যা নেই। আপনি যখন এরপর আরও তিন দিন রোযা পালন করে কাফফারার রোযা পূরণ করলেন অতএব আপনার রোযা পালন শুদ্ধ হয়েছে এবং আপনার কাফফারাও আদায় হয়েছে।ওয়ালহামদুলিল্লাহ।”সমাপ্ত।